কালের কণ্ঠ

তারিখ 31 MAR 2017
পৃষ্ঠা ১৯ কলাম ৬

# ২৩ হাজার প্রতিষ্ঠানে স্টুডেন্টস ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক ▷

দেশের ২২ হাজার ৯০৯টি শিক্ষাপ্রতিষ্ঠানে গতকাল বৃহস্পতিবার শিক্ষার্থী মন্ত্রিসভা (স্টুডেন্টস ক্যাবিনেট) নির্বাচন অনুষ্ঠিত হয়। সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত দেশের প্রতিটি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদরাসায় ছাত্রছাত্রীরা প্রত্যক্ষ ভোটে আটজন করে প্রতিনিধি নির্বাচন করে। এক লাখ ৮৩ হাজার ২৭২টি পদের বিপরীতে দুই লাখ ৭১ হাজার ২৯৯ জন শিক্ষার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে বলে শিক্ষা মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল ঢাকায় তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে স্টুডেন্টস ক্যাবিনেট নির্বাচন পরিদর্শন করেন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, আজ (গতকাল) সারা দেশে মাধ্যমিক পর্যায়ের স্কুল ও মাদরাসায় স্টুডেন্টস ক্যাবিনেট নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এ নির্বাচনের ফলে ছাত্রছাত্রীদের মধ্যে গণতান্ত্রিক মনোভাব, মূল্যবোধ ও চিন্তাচেতনা গড়ে উঠবে। তারা অন্যের মতের প্রতি সহনশীল ও শ্রদ্ধাশীল হতে শিখবে। শিক্ষামন্ত্রী ভোটগ্রহণ প্রক্রিয়া প্রত্যক্ষ করেন এবং নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট কমিশনারদের সঙ্গে কথা বলেন।